

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৭
সরকারী পরিবহন পুল ভবন,
সচিবালয় লিংক রোড, ঢাকা।

নং বিচার-৭/২এন-০৩/২০২১- ২৬০।

তারিখঃ ২৬/১২/২০২১ খ্রিঃ।

বিষয়ঃ সারাদেশের নিকাহ/বিবাহ রেজিস্ট্রারগণের হালনাগাদ তথ্য ডিজিটাল ফরমেটে সংগ্রহ করে যাচাই-বাছাইপূর্বক চূড়ান্ত করে এ বিভাগের ওয়েবসাইটে সন্নিবেশকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, সরকারের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২১-২২ এর কার্যক্রম ১.২ এর কর্মসম্পাদন সূচকসমূহ অর্জনের লক্ষ্যে এ বিভাগের কর্মপরিধিভুক্ত নিকাহ/বিবাহ রেজিস্ট্রেশন সংক্রান্ত সেবা সহজীকরণ ও ডিজিটাইজেশন এর লক্ষ্যে আপনার আওতাধীন জেলার নিকাহ/বিবাহ রেজিস্ট্রারগণের হালনাগাদ তথ্য ডিজিটাল ফরমেটে সংগ্রহ করে যাচাই-বাছাই করতঃ পত্র প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে <https://forms.gle/v4FhZQguiMVXhvZr7> লিঙ্কে সন্নিবেশ কার্যক্রম সম্পাদনপূর্বক এ বিভাগে প্রত্যায়িত হার্ড কপি প্রেরণ করার জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো।



(মোঃ শফিউল আলম)
সিনিয়র সহকারী সচিব
বিচার শাখা-৭

ফোন নম্বর-০২২২৩৩৮৫৪৫৮।

কার্যার্থেঃ

- ০১। জেলা প্রশাসক, রাসামাটি/খাগড়াছড়ি/বান্দরবান পার্বত্য জেলা।
(সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তাগণকে এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)
- ০২। জেলা রেজিস্ট্রার,------(সকল)।

জ্ঞাতার্থে

- ০১। মহাপরিদর্শক (নিবন্ধন), নিবন্ধন অধিদপ্তর, ১৪ নং আব্দুল গণি রোড, ঢাকা।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
- ০৩। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৪। যুগ্মসচিব (প্রশাসন-২) এর ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।